শানিবি সার্কুলার নং-০৭/২০২০ তারিখ: ২২.০৯.২০২০

সকল জোনাল ব্যবস্থাপক
ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: রাকাবে প্রচলিত বিভিন্ন মাসিক সঞ্চয় স্কিমের কিস্তি জমা, হিসাব বন্ধকরণ ও পুন:বৈধকরণ বিষয়ে অভিন্ন নীতিমালা প্রণয়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

ব্যাংকের আর্থিক ভিত্তি মজবুত করার জন্য আমানত সংগ্রহের বিকল্প নাই। সে লক্ষ্যে আমানত সংগ্রহের জন্য রাকাব গ্রামীণ সঞ্চয় প্রকল্প (RGPS), রাকাব সঞ্চয় স্কিম (RSS), রাকাব মাসিক সঞ্চয় স্কিম (RMSS), রাকাব মিলিয়নিয়ার ডিপোজিট স্কিম (RMDS), রাকাব ভ্রমণ সঞ্চয় স্কীম (RTSS), রাকাব লাখপতি স্কিম, রাকাব বঙ্গবন্ধু বিশেষ মাসিক সঞ্চয় স্কিম (RBSMSS) সহ বিভিন্ন মাসিক সঞ্চয় স্কিম প্রচলিত রয়েছে। স্কিমসমূহের ক্ষেত্রে সময়ে সময়ে জারীকৃত বিভিন্ন সার্কুলারে মাসিক কিস্তি জমাদানের সময়সীমা ও কিস্তি সময়মত জমা না দেয়ায় খেলাপি কিস্তির অর্থ জমাপূর্বক হিসাব পুন:বৈধকরণ বিষয়ে ভিন্নতা রয়েছে। বিভিন্ন স্কিমের কিস্তি জমাদানের সময়সীমা ও খেলাপি কিস্তি জমার মাধ্যমে হিসাব পুন:বৈধকরণ নীতিমালার ভিন্নতার কারণে শাখা পর্যায়ে বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। ফলশ্রুতিতে কিস্তি জমা ও খেলাপি কিস্তি জমার মাধ্যমে হিসাব পুন:বৈধকরণের বিষয়ে মাঠ পর্যায় হতে শাখা নিয়ন্ত্রণ বিভাগে প্রায়শই আবেদন আসছে যা নিয়মিত করার জন্য পৃথক পৃথকভাবে ব্যাংক ব্যবস্থাপনার অনুমোদন গ্রহণের প্রয়োজন হয়। অনেক ক্ষেত্রেই তাৎক্ষণিক সিদ্ধান্ত প্রদান করা না যাওয়ায় ব্যাংক এবং গ্রাহক উভয় পক্ষকেই বিড়ম্বনায় পড়তে হয়।

০২। এমতাবস্থায়, ব্যাংকিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, CBS কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়ন ও শাখা পর্যায়ে স্কিমভুক্ত হিসাবসমূহের হিসাব ব্যবস্থাপনা সহজিকরণের নিমিত্ত রাকাবে প্রচলিত সকল ধরণের মাসিক সঞ্চয় স্কিমের মাসিক কিস্তি জমা, খেলাপি কিস্তির অর্থ জমাদানের মাধ্যমে হিসাব পুন:বৈধকরণ ও মেয়াদান্তে প্রাপ্য টাকা পরিশোধ সংক্রান্ত বিষয়ে অভিন্ন নীতিমালা প্রণয়নের লক্ষ্যে বর্তমানে প্রচলিত নিয়মাবলীর বিপরীতে প্রস্তাবিত নিয়মাবলী পুন:স্থাপন সংক্রান্ত প্রস্তাবনা বিষয়ে গত ১০.০৯.২০২০ তারিখে অনুষ্ঠিত রাকাব পরিচালনা পর্ষদের ৫১৯ তম সভায় একটি সার-সংক্ষেপ উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক তা নিম্নরূপভাবে অনুমোদিত হয়।

প্রস্তাবনা	বর্তমানে প্রচলিত নিয়মাবলী	পুন:স্থাপিত নিয়মাবলী
প্রস্তাবনা: ০১ মাসিক কিস্তি জমার সময়সীমা	বর্তমানে বিভিন্ন স্কীমে মাসিক কিস্তি জমার সময়সীমা বিভিন্নভাবে নির্ধারিত রয়েছে। যেমন: RGPS হিসাবের ক্ষেত্রে- মাসের ১-৮ তারিখ পর্যন্ত; RSS সহ অন্যান্য স্কিমের ক্ষেত্রে মাসের ১-১০ তারিখ পর্যন্ত; RGSS সহ অন্যান্য স্কিমের ক্ষেত্রে মাসের ১-১৫ তারিখ পর্যন্ত।	বর্তমানে রাকাব-এ প্রচলিত সকল সঞ্চয় স্কিমের মাসিক কিস্তি প্রতি মাসের ১ হতে ১৫ তারিখের মধ্যে জমা দেয়া যাবে। ১৫ তারিখ সাপ্তাহিক বা সরকারি ছুটি থাকলে ১৫ তারিখের পরবর্তী কর্মদিবসে মাসিক কিস্তির অর্থ জমা দেয়া যাবে।
প্রস্তাবনা: ০২ মেয়াদ পূর্তির পূর্বে গ্রাহক কর্তৃক হিসাব বন্ধকরণ	গ্রাহক কর্তৃক হিসাব বন্ধ করার ক্ষেত্রে বিভিন্ন মাসিক সঞ্চয়ী স্কিমে বিভিন্ন নির্দেশনা রয়েছে। যেমন: **RGSS হিসাবের ক্ষেত্রে-** ১. ০৬ (ছয়) মাসের মধ্যে হিসাব বন্ধ করা হলে গ্রাহক শুধুমাত্র জমাকৃত মূল অর্থ ফেরত পাবে। ২. ০৬ (ছয়) মাসের অধিক কিন্তু মেয়াদ পূর্তির পূর্বে হিসাব ভাঙ্গানোর ক্ষেত্রে গ্রাহক হিসাব ভাঙ্গানোর পূর্ব দিন পর্যন্ত ৭% সরল সুদ টাকা প্রাপ্য হবেন। **RMSS হিসাবের ক্ষেত্রে-** ১. ০১ (এক) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে গ্রাহক জমাকৃত মূল অর্থ ফেরত পাবে। ২. ০১ (এক) বছরের অধিক কিন্তু ০৩ (তিন) বছর পূর্ণ হয়নি এরূপ হিসাবের ক্ষেত্রে গ্রাহক সঞ্চয়ী হিসাবে প্রদত্ত সুদ হারে সুদসহ আসল টাকা প্রাপ্য হবেন। ৩. হিসাবের মেয়াদ ১ বছরের অধিক কিন্তু পূর্ণ মেয়াদ হয়নি সে ক্ষেত্রে গ্রাহক পূর্ববর্তী মেয়াদের ধাপ অনুযায়ী সুদসহ টাকা প্রাপ্য হবেন। **RSS হিসাবের ক্ষেত্রে-** ১. হিসাবের মেয়াদ ১ বছরের অধিক কিন্তু ৭ বছর (পূর্ণ মেয়াদ) হয়নি এরূপ হিসাবের ক্ষেত্রে গ্রাহক সঞ্চয়ী হিসাবে প্রদত্ত সুদ হারে সুদসহ আসল টাকা প্রাপ্য হবেন। এক্ষেত্রে সর্বশেষ কিস্তি প্রদানের মাস পর্যন্ত সুদ প্রদান করা হবে। উক্ত মাসের পরবর্তী সময়ের জন্য কোন সুদ প্রদান করা যাবে না।	বর্তমানে রাকাব-এ প্রচলিত সকল মাসিক সঞ্চয় স্কিম গ্রাহক কর্তৃক মেয়াদ পূর্তির পূর্বে বন্ধ করার ক্ষেত্রে নিম্নরূপ বিধান অনুসৃত হবে: ১. হিসাব খোলার ১ বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে গ্রাহক জমাকৃত মূল অর্থ ফেরত পাবে। ২. হিসাবের মেয়াদ ১ বছরের অধিক কিন্তু মেয়াদ পূর্তি হয়নি এরূপ ক্ষেত্রে সর্বশেষ কিস্তি জমাদানের তারিখ পর্যন্ত বিদ্যমান সঞ্চয়ী হিসাবে প্রদত্ত সুদ হারে সরল সুদসহ আসল টাকা প্রদেয় হবে। ৩. যে সকল স্কিমের মেয়াদ পূর্তির একাধিক ধাপ রয়েছে সে সকল স্কিমসমূহের হিসাব ভাঙ্গানোর ক্ষেত্রে গ্রাহকের হিসাবের মেয়াদ পূর্ণ না হয়ে যদি পূর্ববর্তী ধাপ পূর্ণ হয় তাহলে গ্রাহক পূর্ববর্তী ধাপ অনুযায়ী সুদসহ আসল টাকা প্রাপ্য হবেন। এর পরেও যদি অতিরিক্ত কিস্তি জমা হয়ে থাকে সেক্ষেত্রে অতিরিক্ত জমাকৃত অর্থ সঞ্চয়ী হিসাবের বিদ্যমান সুদ হারে সরল সুদসহ প্রদেয় হবে। ❖ সরকারি বিধি মোতাবেক উৎসেকর ও আবগারী শুল্ক কর্তন করা হবে।

ক্রমশ: পাতা-০২

প্রস্তাবনা	বর্তমানে প্রচলিত নিয়মাবলী	পুন:স্থাপিত নিয়মাবলী
প্রস্তাবনা: ০৩ **মাসিক সঞ্চয় স্কিমে মাসিক কিস্তির নির্ধারিত অংকের কম বা বেশী অংকের কিস্তি জমার হিসাব খুলে হিসাব পরিচালনা**	রাকাবে প্রচলিত বিভিন্ন মাসিক সঞ্চয় স্কিমে নিম্নরূপ মাসিক কিস্তির পরিমাণের উল্লেখ রয়েছে। যেমন: RSS হিসাবের ক্ষেত্রে- মাসিক কিস্তি জমার পরিমাণঃ ৩০০, ৫০০, ১০০০, ২০০০, ৩০০০, ৪০০০, ৫০০০/- টাকা। RGPS হিসাবের ক্ষেত্রে- মাসিক কিস্তি জমার পরিমাণঃ ৩০০, ৫০০, ১০০০/- টাকা। RGSS হিসাবের ক্ষেত্রে- মাসিক কিস্তি জমার পরিমাণঃ ২০০, ৩০০, ৫০০, ১০০০, ২০০০, ৩০০০, ৫০০০/- টাকা। RMSS হিসাবের ক্ষেত্রে- মাসিক কিস্তি জমার পরিমাণঃ ৫০০, ১০০০, ২০০০, ৩০০০, ৪০০০, ৫০০০/- ও তার উর্ধ্বে।	১. বর্তমানে রাকাব-এ প্রচলিত কোন মাসিক সঞ্চয় স্কিম হিসাবের মেয়াদ পূর্তির পর যদি দেখা যায় ভুলক্রমে মাসিক কিস্তির নির্ধারিত অংকের কম বা বেশী অংকের মাসিক কিস্তির হিসাব খুলে হিসাব পরিচালিত হয়েছে তবে পূর্ববর্তী নির্ধারিত অংকের কিস্তি অনুযায়ী সুদসহ আসল টাকা প্রাপ্য হবেন এবং অতিরিক্ত জমাকৃত অর্থ সঞ্চয়ী হিসাবের বিদ্যমান সুদ হারে সরল সুদসহ প্রদেয় হবে। ২. বর্তমানে রাকাব-এ প্রচলিত কোন মাসিক সঞ্চয় স্কিম হিসাবের মেয়াদ পূর্তির পর যদি দেখা যায় ভুলক্রমে কোন স্কিমের নির্ধারিত কিস্তির সর্বনিম্ন অংকের নিচে হিসাব খুলে হিসাব পরিচালিত হয়েছে তবে জমাকৃত অর্থ সঞ্চয়ী হিসাবের বিদ্যমান সুদ হারে সরল সুদসহ প্রদেয় হবে।
প্রস্তাবনা: ০৪ কিস্তি খেলাপের কারণে স্বয়ংক্রিয়ভাবে হিসাব বন্ধ ও পুন:বৈধকরণ	কোন হিসাবের কিস্তি খেলাপ হলে স্বয়ংক্রিয়ভাবে হিসাব বন্ধ বা পুন:বৈধকরণের ক্ষেত্রে স্কিম ভেদে ভিন্নতা রয়েছে। যেমন: **RGSS হিসাবের ক্ষেত্রে-** ১. হিসাব খোলার ০৬ (ছয়) মাসের মধ্যে কোন কিস্তি খেলাপ হলে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। এক্ষেত্রে গ্রাহক জমাকৃত মূল অর্থ ফেরত পাবেন। ২. হিসাব খোলার ০৬ (ছয়) মাস অতিবাহিত হওয়ার পর কোন মাসের কিস্তি খেলাপ হলে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে মাসিক ২% হারে জরিমানাসহ বকেয়া কিস্তি জমা করলে হিসাবটি বৈধ করা যাবে। **RSS হিসাবের ক্ষেত্রে-** ১. হিসাব খোলার ১ বছরের মধ্যে কোন কিস্তি খেলাপ হলে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে মাসিক ২% হারে জরিমানাসহ বকেয়া কিস্তি জমা করলে হিসাবটি বৈধ করা যাবে। প্রথম বছরের মধ্যে একাধিক কিস্তি খেলাপ হলে হিসাবটি স্বয়ংক্রিভাবে বন্ধ হয়ে যাবে। ২. হিসাব খোলার ১ বছর পর ক্রমাগত সর্বাধিক ৩ মাসের কিস্তি জমা না হলে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে মাসিক ২% হারে জরিমানাসহ বকেয়া কিস্তি জমা করলে হিসাবটি বৈধ করা যাবে। পরপর ৩ মাসের অধিক কিস্তি গ্রাহক কর্তৃক জমাদান করা না হলে হিসাবটি স্বয়ংক্রিভাবে বন্ধ হয়ে যাবে। ৩. বর্ণিত হিসাবের ক্ষেত্রে ৭ বছরে মোট ৭ টি কিস্তি খেলাপ করে হিসাব পুন:বৈধকরণের সুবিধা পাবেন। তবে প্রতিবারই নির্ধারিত হারে জরিমানা প্রদান করতে হবে।	রাকাবে প্রচলিত বিভিন্ন মাসিক সঞ্চয় স্কিমের আওতায় খোলা হিসাবের মাসিক কিস্তি সময়মত জমা না হলে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণপূর্বক হিসাবটি স্বয়ংক্রিভাবে বন্ধ বা পুন:বৈধ করা যাবে; ১. গ্রাহক কর্তৃক কোন স্কিমের মাসিক কিস্তি জমা না দিলে তা পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে মাসিক ২% হারে (সর্বনিম্ন ১০/- টাকা) জরিমানাসহ খেলাপি কিস্তি জমা করলে হিসাবটি বৈধ বলে বিবেচিত হবে। ২. কোন হিসাবে ক্রমাগতভাবে ৩ মাসের কিস্তি জমা না হলে চতুর্থ মাসের ১৫ তারিখের মধ্যে খেলাপকৃত কিস্তির উপর মাসিক ২% চক্রবৃদ্ধি হারে (সর্বনিম্ন ১০/- টাকা) জরিমানা এবং চতুর্থ মাসের কিস্তিসহ অর্থ জমা করা হলে হিসাবটি পুন:বৈধকরণ করা যাবে। উল্লিখিত নিয়মে চতুর্থ মাসের ১৫ তারিখের মধ্যে চলতি মাসের কিস্তিসহ খেলাপী কিস্তিসমূহের অর্থ জমা করা না হলে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। এক্ষেত্রে আমানতকারীকে সঞ্চয়ী হিসাবের বিদ্যমান সরল সুদহারে জমাকৃত অর্থ পরিশোধ করতে হবে। ৩. বিভিন্ন স্কিমের মেয়াদ ভিন্ন ভিন্ন হওয়ায় স্কিমের মেয়াদ অনুযায়ী অর্থাৎ যে স্কিম যত বছর মেয়াদী সে স্কিমের ক্ষেত্রে হিসাবধারী বিভিন্ন সময়ে সর্বোচ্চ ততটি কিস্তি খেলাপ করলেও হিসাবটি পুন:বৈধকরণের সুবিধা পাবে। অর্থাৎ ৩ বছর মেয়াদী স্কিমের ক্ষেত্রে ৩টি, ৫ বছর মেয়াদী স্কিমের ক্ষেত্রে ৫টি, ৭ বছর মেয়াদী স্কিমের ক্ষেত্রে ৭টি এবং ১০ বছর মেয়াদী স্কিমের ক্ষেত্রে ১০টি কিস্তি খেলাপ করে জরিমানাসহ খেলাপি কিস্তি জমা করে হিসাব বৈধ করা যাবে।
প্রস্তাবনা: ০৫ একাধিক হিসাব খোলা ও প্রাতিষ্ঠানিক হিসাব খোলা	ব্যক্তি নামে একাধিক হিসাব খোলা ও প্রাতিষ্ঠানিক হিসাব খোলার বিষয়ে বিভিন্ন স্কিমে আলাদা আলাদা নির্দেশনা রয়েছে: **RGPS হিসাবের ক্ষেত্রে-** একই ব্যক্তির নামে ব্যাংকের একই শাখায় বা বিভিন্ন শাখায় এ প্রকল্পের আওতায় একাধিক হিসাব খোলা যাবে না। **RMSS হিসাবের ক্ষেত্রে-** ১. একই ব্যক্তির নামে এই স্কিমের আওতায় একাধিক হিসাব খোলা যাবে। ২. প্রতিষ্ঠানের নামে হিসাব খোলার বিষয়ে প্রচলিত স্কিমসমূহে কোন নির্দেশনা নাই।	১. একই ব্যক্তির নামে ব্যাংকের একই শাখায় বা বিভিন্ন শাখায় একই স্কিমের আওতায় এক বা একাধিক হিসাব খোলা যাবে। ২. গঠনতন্ত্র (Bye-Law), সংঘ স্মারক (Aricles of Association) এবং সর্বশেষ পরিচালনা কমিটির সিদ্ধান্তক্রমে শিক্ষা প্রতিষ্ঠান, ক্লাব ও সমিতির নামে এক বা একাধিক হিসাব খোলা যাবে।

ক্রমশ: পাতা-০৩

প্রস্তাবনা	বর্তমানে প্রচলিত নিয়মাবলী	পুন:স্থাপিত নিয়মাবলী
প্রস্তাবনা: ০৬ আমানত স্কিমের বিপরীতে ঋণ সুবিধা প্রদান	প্রচলিত স্কিমসমূহের বিপরীতে ঋণ প্রদানের বিষয়ে প্রদত্ত নির্দেশনার ভিন্নতা রয়েছে। যেমন: **RGSS হিসাবের ক্ষেত্রে-** ১. হিসাবের মেয়াদ কমপক্ষে ১ বছর পূর্ণ হলে ঋণ প্রাপ্তির যোগ্য হবেন। ২.হিসাবের স্থিতির সর্বোচ্চ ৮০% পর্যন্ত ঋণ মঞ্জুর করা যাবে। **RGPS হিসাবের ক্ষেত্রে-** ১. হিসাবের মেয়াদ কমপক্ষে ১ বছর পূর্ণ হতে হবে এবং হিসাবে কমপক্ষে ৫০০০/- টাকা স্থিতি থাকতে হবে। ২. হিসাব স্থিতির সর্বোচ্চ ৯০% পর্যন্ত ঋণ মঞ্জুর করা যাবে।	১. হিসাবের মেয়াদ কমপক্ষে ১ বছরপূর্ণ হতে হবে। ২. হিসাবে কমপক্ষে ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা স্থিতি থাকতে হবে। ৩. সকল ক্ষেত্রে হিসাব স্থিতির (সুদসহ) সর্বোচ্চ ৮০% পর্যন্ত ঋণ প্রদান করা যাবে।
প্রস্তাবনা: ০৭ হিসাবের মেয়াদ পূর্তি পর্যন্ত ভুলক্রমে এক বা একাধিক কিস্তি আদৌ জমা না হলে	পরিচালনা পর্ষদের ৪৫২ তম সভার অনুমোদনের প্রেক্ষিতে শাখা নিয়ন্ত্রণ বিভাগের ০৯ মে, ২০১৭ তারিখের শানিবি সার্কুলার লেটার নং-০২/২০১৭ মারফত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সঞ্চয়ী স্কীম (RSS) হিসাব পুনঃবৈধকরণ বিষয়ে ০২(ঘ) নম্বর অনুচ্ছেদে নিম্নোক্ত নির্দেশনা দেয়া আছে: "কোন হিসাবের মেয়াদ পূর্তির পর যদি দেখা যায় যে হিসাবটিতে কোন কোন মাসের কিস্তি আদৌ জমা হয়নি, এরূপ জমা না হওয়া কিস্তির সংখ্যা সর্বোচ্চ চারটি পর্যন্ত হলে উপযুক্ত কারণ দর্শিয়ে গ্রাহক কর্তৃক আবেদন করা হলে এবং নির্ধারিত হারে মেয়াদ পূর্তির সময় পর্যন্ত সুদসহ বকেয়া কিস্তি জমাদান করা হলে হিসাবটি পুনঃবৈধ হবে এবং মেয়াদান্তে হিসাবধারীর প্রাপ্য অর্থ প্রদান করা যাবে।"	সকল মাসিক সঞ্চয় স্কিমের আওতায় খোলা কোন হিসাবের মেয়াদ পূর্তির আগে বা পরে যদি দেখা যায় গ্রাহক কর্তৃক ভুলক্রমে হিসাবটিতে এক বা একাধিক কিস্তি আদৌ জমা দেয়া হয়নি সেক্ষেত্রে যে স্কিম যত বছর মেয়াদী সে স্কিমের ক্ষেত্রে হিসাবধারী বিভিন্ন সময়ে সর্বোচ্চ ততটি কিস্তি খেলাপ করলেও কিস্তি খেলাপের তারিখ হতে জমাদানের তারিখ পর্যন্ত মাসিক ২% চক্রবৃদ্ধি হারে (সর্বনিম্ন ১০/- টাকা) জরিমানাসহ কিস্তির অর্থ জমা নিয়ে হিসাবটির পুন:বৈধকরণ বিবেচনা করে হিসাবের পূর্ণ আর্থিক সুবিধা প্রদান করা যাবে।
প্রস্তাবনা: ০৮ জরিমানা ছাড়া খেলাপী কিস্তি জমা	ইতি:পূর্বে কোন মাসের খেলাপী কিস্তি পরবর্তী মাসে জমা প্রদান করা হয়েছে কিন্তু জরিমানা আদায় করা হয়নি। এরূপ ক্ষেত্রে কোন ব্যাখ্যা নাই।	কিস্তি খেলাপের তারিখ হতে হালনাগাদ তারিখ পর্যন্ত মাসিক ২% চক্রবৃদ্ধি হারে (সর্বনিম্ন ১০/- টাকা) জরিমানা আদায় করে হিসাবটি পুন:বৈধকরণ করা যাবে।
প্রস্তাবনা: ০৯ হিসাবের মেয়াদ পূর্তির পূর্বে গ্রাহক/ আমানতকারী মৃত্যুবরণ করলে নমিনি কর্তৃক হিসাব পরিচালনা	প্রচলিত স্কিমসমূহের নমিনি কর্তৃক হিসাব পরিচালনার ক্ষেত্রে প্রদত্ত নির্দেশনার ভিন্নতা রয়েছে। যেমন: **RMSS ও RMDS হিসাবের ক্ষেত্রে-** স্কিমের মেয়াদপূর্তির পূর্বেই হিসাবধারীর মৃত্যু হলে নমিনী কর্তৃক হিসাবে মেয়াদ পর্যন্ত কিস্তির অর্থ জমা দেয়া যাবে মর্মে হিসাবধারীকে একটি ঘোষণাপত্র দিতে হবে। **RMPS হিসাবের ক্ষেত্রে-** মেয়াদপূর্তির পূর্বে হিসাবধারী মৃত্যুবরণ করলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাবটি চালু থাকবে। মেয়াদপূর্তি শেষে নমিনী হিসাবের টাকা প্রাপ্য হবেন। নমিনী নাবালক হলে নমিনীর অভিভাবক হিসাবের টাকা প্রাপ্য হবেন।	১. হিসাবধারীর মৃত্যুর পর নমিনি কর্তৃক মেয়াদপূর্তী পর্যন্ত কিস্তির অর্থ জমা দেয়া যাবে তবে নমিনি কর্তৃক নতুন করে অভিন্ন হিসাব খোলার ফরম পূরণ পূর্বক নতুন নমিনি নির্বাচনসহ আমানত স্কিমটি নমিনির নামে পরিবর্তন করে নিতে হবে। এক্ষেত্রে অভিন্ন হিসাব খোলার ফরমের অন্যান্য অংশও যথাযথভাবে পূরণ করতে হবে। উল্লেখ্য, নমিনি নাবালক হলে উপযুক্ত কোন অভিভাবকসহ যৌথভাবে হিসাবটি পরিচালনা করা যাবে। ২. মেয়াদপূর্তির পূর্বে হিসাবধারী মৃত্যুবরণ করলে নমিনির আবেদনের পরিপ্রেক্ষিতে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাবটি চালু রাখা যাবে। মেয়াদপূর্তিতে নমিনি হিসাবের টাকা প্রাপ্য হবেন।

বিশেষ প্রস্তাবনা: ১০	উদ্ভূত সমস্যা	সিদ্ধান্ত
করোনা ভাইরাস (covid-19) পরিস্থিতে উদ্ভূত সমস্যা	করোনা ভাইরাস (covid-19) এর প্রাদূর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক মার্চ হতে মে ২০২০ পর্যন্ত কিস্তি জুন ২০২০ মাসে বকেয়া কিস্তিসমূহ জরিমানা ছাড়া জমা প্রদানের সুযোগ দেয়া হয়। অনেকেই অনুরূপ নির্দেশনা পরিপালন করে জুন ২০২০ মাসে হিসাবের জমা নিয়মিত করতে পারেননি। ফলে বিভিন্ন শাখায় অনেক হিসাব অনিয়মিত হয়ে পড়েছে। মাঠ কার্যালয় হতে এ সকল হিসাবসমূহের বিষয়ে সিদ্ধান্ত জানতে চেয়ে প্রতিনিয়ত শাখা নিয়ন্ত্রণ বিভাগের সাথে যোগাযোগ করছে। উদ্ভূত পরিস্থিতিতে বিধি অনুযায়ী ব্যাপক সংখ্যক হিসাব বন্ধ করে দেয়া হলে রাকাবের সামগ্রিক আমানত সংগ্রহ অভিযান ব্যাহত হওয়ার পাশাপাশি গ্রাহকগণও নিরাশ ও আর্থিক ক্ষতির সম্মুখীন হবেন। এমতাবস্থায়, ব্যাংক-গ্রাহক উভয়ের স্বার্থ বিবেচেনায় অনিয়মিত হিসাবসমূহ নিয়মিতকরণের ব্যবস্থা নেয়া জরুরী।	**"করোনা ভাইরাস (covid-19) এর প্রাদূর্ভাবের কারণে মার্চ ২০২০ হতে খেলাপকৃত কিস্তিসমূহ মাসিক ২% চক্রবৃদ্ধি হারে (সর্বনিম্ন ১০/- টাকা) জরিমানাসহ অক্টোবর ২০২০ এর ১৫ তারিখের মধ্যে জমা করলে হিসাবটি পুন:বৈধকরণ হিসেবে বিবেচিত হবে।"**

ক্রমশ: পাতা-০৪

০৫। এক্ষণে, পরিচালনা পর্ষদের অনুমোদনের প্রেক্ষিতে CBS কার্যক্রম বাস্তবায়ন এবং আমানতকারীগণের সুবিধার্থে বিভিন্ন মাসিক সঞ্চয় স্কিমের কিস্তি জমা, হিসাব বন্ধকরণ ও পুন:বৈধকরণ বিষয়ে অভিন্ন নীতিমালায় বর্ণিত নিয়মাবলী/বিধানসমূহ বিদ্যমান ও নতুন সকল হিসাবে খোলার তারিখ হতে কার্যকর করার নির্দেশনা প্রদান করা হলো। এছাড়াও প্রচলিত স্কিমসমূহের আওতায় খোলা হিসাবসমূহে কোন সমস্যা পরিলক্ষিত হলে ব্যাংক ব্যবস্থাপনার নিকট সিদ্ধান্ত না চেয়ে সংশ্লিষ্ট হিসাবের মূল সার্কুলার ও অনুমোদিত অভিন্ন নীতিমালার আলোকে তা শাখা পর্যায়ে সমাধান করার পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২২.০৯.২০২০
(মোঃ মহব্বত আলী বিশ্বাস)
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)

পত্র নং-প্রকা/শানিবি-৮(৪৭)/২০২০-২০২১/৫৭২(৪৫৯) তারিখ: ২২.০৯.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলারটি রাকাব-এর ওয়েবসাইটে প্রদর্শনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৯। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

২২.০৯.২০২০
(শাকিল মাহমুদ)
সহকারী মহাব্যবস্থাপক